গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা

**লামা উপজেলার মে-২০২২ খ্রিঃ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মোস্তফা জাবেদ কায়সার<br>উপজেলা নির্বাহী অফিসার<br>লামা, বান্দরবান পার্বত্য জেলা। |
| সভার তারিখ | : | ১৬ মে ২০২২, সময়: বেলা ১০.৩০ টা |
| সভার স্থান | : | ০৬ নং রূপসী পাড়া ইউনিয়ন পরিষদ সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য |

উপস্থিত উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সদস্যগনকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে নবাগত সহকারী কমিশনার (ভূমি), লামা, বান্দরবান পার্বত্য জেলা জনাব কাজী শামীম ও জনাব মোঃ শফিকুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলার পরিচিতি পর্ব শেষে আলোচ্যসূচী ভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্যসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **বিবেচ্য মাসের অপরাধচিত্র পর্যালোচনা** : অফিসার ইনচার্জ, লামা থানা, লামা, বান্দরবান পার্বত্য জেলা সভায় জানান যে, এপ্রিল ও মে-২০২২ খ্রিঃ এ দু-মাসে বিভিন্ন অপরাধে ৬২ টি মামলা রুজু হয়েছে। আলোচ্য মাসে বিগত মাসের তুলনায় মামলা সংখ্যা হ্রাস পেয়েছে এবং গুরুতর অপরাধে কোন মামলা রুজু হয়নি। | ১.১। উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রন ও স্বাভাবিক রাখার স্বার্থে এবং রাষ্ট্রীয় সম্পদ ও জননিরাপত্তা বিধানকল্পে গৃহীত ব্যবস্থাসমূহ জোরদার করার জন্য অফিসার ইনচার্জ, লামা থানাকে অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ লামা থানা |
| ২. | সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি : অফিসার ইনচার্জ লামা থানা জানান যে, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রয়েছে। তিনি আরো জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রনে পুলিশী কার্যক্রম অব্যাহত আছে ও অভিযান বৃদ্ধি করা হয়েছে। এলাকাভিত্তিক মাদক ব্যবসায়ীদের ব্যাপারে কোন সংবাদ পাওয়া গেলে সুনির্দিষ্ট তথ্য দেওয়ার জন্য জনপ্রতিনিধিদের তিনি অনুরোধ করেন। | ২.১। অফিসার ইনচার্জ, লামা থানা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বর্তমান ধারা অব্যাহত রাখাসহ চুরি, ডাকাতি, অপহরণ, চাঁদাবাজি, খুন, ধর্ষন ও অন্যান্য অসামাজিক অপরাধ নিয়ন্ত্রনে টহল ও জন-নিরাপত্তা জনিত কার্যক্রম জোরদার করবেন এবং আইন শৃঙ্খলা রক্ষার্থে রুজুকৃত মামলাসমূহের সুষ্ঠু তদন্তের মাধ্যমে আইনী কার্যক্রম তরান্বিত করার উদ্যোগ নিবেন।<br>২.২। মাদকপ্রবন এলাকায় মাদক বিরোধী অভিযান ও সতর্ক নজরদারী অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, লামা থাকাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>২.৩। অফিসার ইনচার্জ, লামা থানাকে লামা উপজেলাধীন সকল ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি না ঘটে সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ লামা থানা ও সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন জানান যে, তাঁদের স্ব-স্ব ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে। আইন শৃঙ্খলা পরিস্থিতি যাতে অবনতি না ঘটতে পারে সে বিষয়ে লক্ষ্য রাখা হচ্ছে। ইউপি চেয়ারম্যান, রুপসীপাড়া ও গজালিয়া জনপ্রতিনিধিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার ক্ষেত্রে পাহাড়ী এলাকার বাস্তব অবস্থা ও সরকারের চলমান উন্নয়ন কর্মকান্ডের বিষয়টি বিবেচনা করার জন্য জোর দাবি জানান যাতে করে কোন জনপ্রতিনিধি অহেতুক হয়রানির শিকার না হয়। ওসি, লামা থানা জানান যে, অপরাধী যেই হোকনা কেন পুলিশের নজরে আসলে আইনী ব্যবস্থা নেয়ার বাধ্যবাধকতা রয়েছে। | ৩.১। পরিবেশের ক্ষতি সাধনসহ সকল বিষয়ে আইন অমান্যকারীদের আরো সতর্কভাবে আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে যেন কাজ করে এবং ভবিষ্যতে যেন কোন ধরণের বেআইনী কাজ না করে সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। সকল ইউপি চেয়ারম্যানকে এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | ১। অফিসার ইনচার্জ, লামা থানা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), লামা |

| ক্রমিক | আলোচ্যসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা সভাকে অবহিত করেন যে, নিজে সুস্থ থাকার এবং অন্যকে সুস্থ রাখার নিমিত্ত করোনা যোদ্ধা হিসেবে সম্মুখ সারিতে নিয়োজিত ব্যক্তিবর্গ ও সরকারী কর্মকর্তা কর্মচারীসহ সকলকে কোভিড- ১৯ এর টিকা নিতে হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ওসি, লামা থানা, সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে সোচ্চার থাকতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, উপজেলা প্রশাসন ও জনপ্রতিনিধিদের তৎপরতা অব্যাহত থাকার ফলে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে। তিনি চুরি, ডাকাতি ও অসামাজিক কাঁকলাপসহ মাদক, চোরাচালান, বাল্যবিবাহ, নারী শিশু নির্যাতন রোধে চলমান তৎপরতা অধিকতর বৃদ্ধি করার জন্য অফিসার ইনচার্জ, লামা থানাকে অনুরোধ করেন। তিনি জানান, মাদকের ব্যাপারে প্রশাসন সোচ্চার রয়েছে এবং মাদকের বিরুদ্ধে সাঁড়াশি অভিযান অব্যাহত রয়েছে।<br>তিনি আরো বলেন, কোভিড-১৯ এর সম্ভাব্য সংক্রমণ মোকাবেলার লক্ষ্যে মাস্ক ব্যবহারে জনগনকে উদ্বুদ্ধকরণ, স্বাস্থ্যবিধি মেনে চলা, শতভাগ মাস্ক ব্যবহারে সচেতনতা বৃদ্ধিকরণ, নো মাস্ক নো সার্ভিস চালুকরণ এবং নিয়মিত হাত ধোয়ার বিষয়ে সকলকে আরো সচেতন হতে হবে।<br>মুজিব বর্ষ উপলক্ষ্যে (৫০+২০০+১৭৫+১০+০১)=৪৩৬ পরিবারের জন্য ভূমিহীন ও গৃহহীন উপকারভোগী পরিবারকে গৃহ ও সনদ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ৩য় পর্যায়ের ২য় ধাপে আরো ৩৬ টি গৃহ নির্মাণ কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে।<br>সাংগঠনিক সম্পাদক, লামা উপজেলা আওয়ামীলীগ বলেন যে, সরই ইউনিয়নের ৩০৩ নং ডলুছড়ি মৌজায় লামা রাবার ইন্ডাস্ট্রিজ কোম্পানী এবং ম্রো ও ত্রিপুরা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মধ্যে বিরাজমান দ্বন্দ্ব নিরসনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ প্রয়োজন। এ তিনটি পাড়ায় বসবাসকারী ৩৬ টি পরিবার যেন ক্ষয়ক্ষতির শিকার না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>ইউপি চেয়ারম্যান, আজিজনগর জানান যে, উপজেলা সদরের বাইরের এলাকাসমূহে/বাজারসমূহে আইন-শৃঙ্খলা রক্ষার্থে আরো বেশী অভিযান পরিচালনা করা প্রয়োজন।<br>ইউপি চেয়ারম্যান, ফাইতং জানান যে, ফাইতং ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে কিছু কিছু জায়গায় বহিরাগত মাদক ব্যবসায়ীরা অবৈধ কার্যক্রম করার চেষ্টা করছে এবং টিনএজ ছেলেসহ অনেকেই মাদক সেবনের সাথে জড়িয়ে যাচ্ছে। এটি নিয়ন্ত্রণের জন্য তনি পুলিশি অভিযান বাড়ানোর আহবান জানান।<br>**সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ ও শৃঙ্খলা আনয়ন বিষয়ক :**<br>সাধারন সম্পাদক, লামা প্রেসক্লাব জানান যে, চকরিয়া-লামা সড়কের কুমারী অংশসহ বিভিন্ন জায়গায় ঝুঁকিপূর্ণ বাঁক রয়েছে। সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক দর্ঘটনা রোধে রাস্তার বাঁকসমূহে আয়না দেয়া প্রয়োজন ও ঝুঁকিপূর্ন জায়গায় রাস্তার পাশে উঁচু করে মাটি ভরাট করা বা পিলার দিয়ে বাধার সৃষ্টি করা প্রয়োজন যাতে করে দুর্ঘটনাকবলিত কোন যানবাহন রাস্তার বাইরে খাদে ছিটকে না পড়ে।<br>সভায় সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ ও শৃঙ্খলা আনয়নে যানবাহন সংস্থার নেতৃবৃন্ধকে সভাপতি দৃঢ়ভাবে পুনরায় জানান যে, জীপের ছাদে যাত্রী নেয়া যাবে না, বাসে দাঁড়িয়ে যাত্রী নেয়া বন্ধ করতে হবে, প্রত্যেক গাড়ির সম্মুখে দুটি লাইট বাধ্যতামূলক, শতভাগ লাইসেন্স ছাড়া গাড়ি চালানো যাবে না। লামা-চকরিয়া সড়কে ঝুঁকিপূর্ণ বাঁকসমূহে হর্ণ দেয়াসহ বেপরোয়া গাড়ি চলাচল নিয়ন্ত্রনে ব্যবস্থা নিতে হবে। এর ব্যতীত হলে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইনগত ব্যবস্থা নেয়া হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। লক্ষ্য করা যাচ্ছে যে, ভাড়ায় চালিত মোটর সাইকেলের সংখ্যা বেড়েছে এবং অধিকাংশেরই কোন কাগজপত্র নেই ও মোটর সাইকেল আরোহীদের কোনপ্রকার ড্রাইভিং লাইসেন্স নেই। কম বয়সের শিশু কিশোরেরা যাতে মোটর সাইকেল চালাতে না পারে সে ব্যাপারে ট্রাফিক বিভাগ ও পুলিশ বাহিনীকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ৪.১। ইউনিয়ন ভিত্তিক ইউপি চেয়ারম্যানগন প্রতিমাসে চোরাচালান, মাদক ব্যবহার, পরিবহন, ব্যবসা এবং যৌন নিপীড়ন, ইভটিজিং, নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ প্রতিরোধ সহ কোভিড-১৯ সম্পর্কে জনসচেতনতা মূলক প্রচার প্রচারনা অব্যাহত রাখতে হবে।<br>পাশাপানি অপরাধের কোন তথ্য পাওয়া গেলে স্থানীয় পুলিশ ফাঁড়ির সহযোগিতায় তাৎক্ষণিক বন্ধে ব্যবস্থা নিতে অথবা প্রয়োজনে প্রশাসনকে জানানোর ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।<br>৪.২। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখতে ভূমি বিরোধ স্থানীয়ভাবে নিষ্পত্তি করার জন্য জনপ্রতিনিধিগনকে অনুরোধ করা হয়।<br>৪.৩। মুজিব বর্ষ উপলক্ষে নির্মিত গৃহসমূহের কবুলিয়ত সম্পাদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দ্রুত জমাদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হয়।<br>৪.৪। জীপের ছাদে যাত্রী নেয়াসহ বাসে দাড়িঁয়ে যাত্রী নেয়া বন্ধ করার উদ্যোগ নিতে হবে এবং প্রত্যেক জীপ গাড়ির সম্মুখে দুটি লাইট থাকা নিশ্চিতকরণ এবং লামা-চকরিয়া সড়কে ঝুঁকিপূর্ণ বাঁক সমূহে হর্ণ দেয়ার ব্যবস্থা নেয়া সহ বেপোরোয়া গাড়ি চলাচল নিয়ন্ত্রনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য যানবাহন সংস্থার নেতৃবৃন্দকে পুনরায় অনুরোধ করা হয়।<br>৪.৫। লামা-চকরিয়া সড়কে সড়ক দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় উদ্যোগ নিতে সড়ক ও জনপথ বিভাগকে অনুরোধ জানানো হয়।<br>৪.৬। কম বয়সের শিশু কিশোরেরা যাতে মোটর সাইকেল চালাতে না পারে সে ব্যাপরে ট্রাফিক বিভাগ আইনানুগ ব্যবস্থা নিবেন। পাশাপাশি লাইসেন্সবিহীন গাড়ী ও ড্রাইভারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.৭। অবৈধভাবে পাথর, বালু উত্তোলন পাহাড় ও মাটি সংগ্রহ ও পরিবহন করার তথ্য পাওয়া গেলে তা তাৎক্ষণিক বন্ধে স্থানীয়ভাবে পুলিশ ফাঁড়ির সহযোগিতায় আইনী ব্যবস্থা গ্রহন অথবা প্রশাসনকে সরাসরি সুনির্দিষ্ট তথ্য প্রদানের জন্য জনপ্রতিনিধিগনকে অনুরোধ করা হয়।<br>৪.৮। বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইনের আলোকে মোবাইল কোর্ট পরিচালনা সহ অভিযান অব্যাহত রাখার জন্য সহকারী কমিশনার (ভূমি) লামাকে অনুরোধ করা হয়।<br>৪.৯। সরই ইউনিয়নের ডলুছড়ি মৌজায় লাংকম ম্রো পাড়া, রেংয়েন ম্রো পাড়া ও জয়চন্দ্র ত্রিপুরা পাড়ায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ওসি, লামা থানাকে অনুরোধ জানানো হয়।<br>৪.১০। আজিজনগর ও ফাইতং ইউনিয়নসহ সকল ইউনিয়নের বাজারসমূহে পুলিশি অভিযান বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি এ সকল বাজারসমূহে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সহকারী কমিশনার (ভূমি), লামা ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে অনুরোধ জানানো হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), লামা<br>২। ওসি, লামা থানা<br>৩। পরিদর্শক, লামা ট্রাফিক বিভাগ।<br>৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>৫। সভাপতি/সেক্রেটারী-বাস মালিক সমিতি, জীপ মালিক সমিতি ও বাস-জীপ শ্রমিক ইউনিয়ন |

| ক্রমিক | আলোচ্যসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৫. | **ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা সভা সহ অন্যান্য বিদ্যমান সভা অনুষ্ঠান :**<br>উপস্থিত চেয়ারম্যানগন জানান যে, তাঁদের স্ব-স্ব ইউনিয়নে স্বাস্থ্য বিধি মেনে ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা সভা সহ অন্যান্য বিদ্যমান সভাসমূহ করা হচ্ছে।<br><br>জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে জনসচেতনতা মূলক কার্যক্রম :<br>অফিসার ইনচার্জ, লামা থানা জানান যে, জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ বিরোধী বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে পুলিশি নজরদারী সহ স্পর্শকাতর এলাকায় পুলিশের টহল বাড়ানো হয়েছে।<br>সভাপতি সভায় জানান যে, জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ নিয়ন্ত্রন করা গেলেও নির্মুল করা যায়নি। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ মোকাবেলা করা যেতে পারে। এ উপজেলার যে সমস্ত এলাকায় চেকপোষ্ট রয়েছে সেখানে পুলিশি তল্লাশি জোরদার করা সহ আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সার্বক্ষনিক সতর্ক থাকার জন্য পুনরায় আহবান জানানো হয়।<br>তিনি আরো বলেন সন্ত্রাসী কর্মকান্ড প্রতিরোধে ইমামদের ভূমিকা অপরিসীম। ইমাম সাহেবগন জুমার দিন খুদবা পাঠের সময় সন্ত্রাসী কর্মকান্ডের ব্যাপারে, নিন্দা, ঘৃনা ইত্যাদি প্রকাশের মাধ্যমে আগত মোসল্লিদের সচেতন করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন, লামা শাখার প্রতিনিধিকে আরো কার্যকর পদক্ষেপ নিতে হবে এবং মনিটরিং জোরদার করতে হবে। পাশাপাশি অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে পুরোহিত/গুরুরা সন্ত্রাসী কার্যক্রমের কুফল সম্পর্কে প্রতিদিন মন্দির, কেয়াং, গীর্জায় আগতদের সচেতন করার কার্যক্রম ও অব্যাহত রাখার উপর পুনরায় গুরুত্ব আরোপ করে অনুরোধ জানানো হয়। | ৫.১। স্বাস্থ্যবিধি মেনে ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা সভাসহ অন্যান্য বিধ্যমান সভাসমূহ করে এর কার্যবিবরণী প্রেরন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানগন ব্যবস্থা নিবেন।<br><br>৫.২। অফিসার ইনচার্জ, লামা থানা জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধে পুলিশি নজর দারী বাড়ানোসহ সড়কের চেকপোষ্টসমূহে তল্লাশি অভিযানসহ অন্যান্য নিরাপত্তামূলক ব্যবস্থা জোরদার করবেন।<br><br>৫.৩। ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে জঙ্গীবাদ ও সন্ত্রাবাদ প্রতিরোধে জনমত সৃষ্টিমূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখাসহ এলাকায় কোন নতুন লোকের আগমন বা তৎপরতা পরিলক্ষিত হলে তাৎক্ষনিক প্রশাসনকে জানানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫.৪। মসজিদে ইমাম সাহেবগন শুক্রবার জুমার দিন নামাজে খুৎবার আগে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ বিরোধী মনোভাব সৃষ্টিমূলক বয়ান যেন অব্যাহত রাখে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br><br>৫.৫। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের পুরোহিত/ধর্মীয় গুরুরা যেন স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠানে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ বিরোধী মনোভাব সৃষ্টিমূলক বক্তব্য রাখে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয় | ১। অফিসার ইনচার্জ, লামা থানা<br><br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br><br>৩। সভাপতি/সেক্রেটারি, ইমাম সমিতি ও সভাপতি/সেক্রেটারি, মসজিদ পরিচালনা কমিটি (সকল)<br><br>৪। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লামা শাখা<br><br>৫। সভাপতি/সেক্রেটারি মন্দির/বৌদ্ধ বিহার/গীর্জা পরিচালনা কমিটি (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৬/০৫/২০২২

(মোঃ মোস্তফা জাবেদ কায়সার)
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
e-mail:unolama@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.১১১.০৪.০০১.২০২২-২৭৪ তারিখ-১৬/০৫/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা
২. পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।--- মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা
৬. মেয়র, লামা পৌরসভা, লামা, বান্দরবান পার্বত্য জেলা
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা জনাব........................................................................................................
৮. অফিসার ইনচার্জ, লামা থানা, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৯. চেয়ারম্যান..................................................ইউনিয়ন পরিষদ (সকল), লামা, বান্দরবান পার্বত্য জেলা
১০. জনাব/জনাবা.......................................................................................................... লামা, বান্দরবান পার্বত্য জেলা।

১৬/০৫/২০২২

(মোঃ মোস্তফা জাবেদ কায়সার)
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
e-mail:unolama@mopa.gov.bd